

ব্রিস্টল সিটি কাউন্সিলের (Bristol City Council) পক্ষ থেকে গুরুত্বপূর্ণ বার্তা:

- বিদ্যালয়ে আসা ও বিদ্যালয় থেকে ফেরার সময় অনুগ্রহ করে কোভিড-19-এর বিষয়টি খেয়াল রাখবেন। গণ পরিবহণ এড়িয়ে চলার পরামর্শ দেওয়া হচ্ছে; তাই সম্ভব হলে চেষ্টা করুন অন্যদের সঙ্গে দূরত্ব বজায় রেখে হেঁটে/সাইকেলে করে বিদ্যালয়ে পৌঁছানোর এবং প্রয়োজন অনুসারে আপনার মুখাবরণ পরার বিষয়টি নিশ্চিত করুন। সম্ভব হলে আপনার বাড়ির লোক বা ঘনিষ্ঠ বৃত্তের লোক ছাড়া অন্যদের সঙ্গে একই গাড়িতে যাতায়াত এড়িয়ে যাওয়া উচিত।
- বিদ্যালয়ের ভিতরে এবং বাইরে সামাজিক দূরত্ব সংক্রান্ত নির্দেশিকা ভিন্ন। বিদ্যালয়ে থাকার সময় আপনার সন্তান তার সহপাঠীদের সঙ্গে মেলামেশা করতে পারে কারণ এখানে সুরক্ষা ব্যবস্থা মেনে চলা হচ্ছে। শিশু ও কিশোরদের উপস্থিতি বজায় রাখতে আমাদের এটি করা প্রয়োজনীয়। তবে, বিদ্যালয়ের বাইরে এই ব্যবস্থাগুলি **নেই**, তাই অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি এবং আপনার সন্তান বিদ্যালয় ভবনের বাইরে থাকার সময় বর্তমান সরকারি নির্দেশিকা মেনে চলছেন
- বিদ্যালয়ের গেটের বাইরে সামাজিক দূরত্ব রক্ষা করা রোগের প্রসার কমাতে গুরুত্বপূর্ণ। অনুগ্রহ করে আপনার সন্তানকে বিদ্যালয়ে দিতে আসার সময় বা এখান থেকে নিয়ে যাওয়ার সময় এক জায়গায় জড়ো **হবেন না** বা মেলামেশা **করবেন না**
- যদি আপনার বা আপনার সন্তানের মধ্যে রোগের উপসর্গ দেখা যায়, তাহলে আপনার/আপনাদের একেবারেই বিদ্যালয়ে যাওয়া **উচিত নয়**। বাড়িতে থাকুন, নিজেকে আলাদা করে রাখুন এবং পরীক্ষা করান। উপসর্গের মধ্যে রয়েছে নতুন হওয়া একটানা কাশি, উচ্চ তাপমাত্রা এবং আপনার স্বাদ/ গন্ধের অনুভূতি চলে যাওয়া বা বদলে যাওয়া
- যদি আপনাকে বা আপনার সন্তানকে নিজেকে আলাদা করে রাখার পরামর্শ দেওয়া হয়, তাহলে আপনার/আপনাদের কোনও পরিস্থিতিতেই বাড়ি থেকে বেরোনো **উচিত নয়** এবং এই সময়ে আপনার বন্ধু ও পরিবার দেখা করতে পারবে না। আপনাকে/আপনার সন্তানকে আলাদাভাবে রাখার জন্য শেষ মুহূর্তের কল বা পরিবর্তনের সঙ্গে মানিয়ে নিতে আপনার অসন্তুষ্টি সম্পর্কে আমরা সচেতন এবং আপনার নিরবচ্ছিন্ন সহযোগিতার জন্য আপনাকে ধন্যবাদ জানাই।

যে লিঙ্কগুলি শেয়ার করতে হবে

- কোভিড-19 চলাকালীন পিতামাতা এবং সেবা প্রদানকারীদের জন্য কাউন্সিলের নির্দেশিকা [এখানে](#)
- লক-ডাউন চলাকালীন নিয়ম মেনে চলায় উৎসাহ দিতে বিভিন্ন ভাষায় কাউন্সিলের ভিডিও [এখানে](#)
- কাউন্সিলের বিনামূল্যের উই আর ব্রিস্টল (We are Bristol) হেল্প-লাইন সংক্রান্ত তথ্য [এখানে](#)